গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................. ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................................................................ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ...................................... ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা .............................. ১৯

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ টেকসই, নিরাপদ ও মানসম্মত মহাসড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যের নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। গত তিন অর্থবছরে এ বিভাগ কর্তৃক উন্নয়ন খাতে জাতীয়, আঞ্চলিক এবং জেলা মহাসড়ক মিলিয়ে সর্বমোট ৬৫৫.৬৮ কিলোমিটার মহাসড়কের ফ্লেক্সিবেল পেভমেন্ট নির্মাণ, ১,৫৯০.০০ কিলোমিটার মহাসড়কের সার্ফেসিং, ৭৪৯.০৯ কিলোমিটার মহাসড়ক প্রশস্তকরণ, ৪৭৭.০৮ কিলোমিটার মহাসড়ক মজবুতিকরণ, ২৮৩১৬.০২ মিটার সেতু নির্মাণ ও ৩,৬৮৯.৪৪ মিটার কালভার্ট নির্মাণ করা হয়েছে। একই সময়ে অনুন্নয়ন খাতের আওতায় ৪১৬.৬৭ কিলোমিটার মহাসড়ক পুনর্বাসন, ৩৭৪১.৪৮ কিলোমিটার ওভারলে, ৯৫১.৭৬ কিলোমিটার কার্পেটিংসহ সিলকোট ও ৪৯৮৪.৪৮ কিলোমিটার সিলকোট এবং ৩,৯৫৬.৪৮ মিটার সেতু ও ২,০৮৮.০৬ মিটার কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ করা হয়েছে। একই সময়ে আধুনিক ও ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ পদ্ধতির অংশ হিসেবে বিআরটিএ কর্তৃক ৬,৬০,০৪৩ টি যানবাহনের ডিজিটাল রেজিঃ সার্টিফিকেট ইস্যু, ১৪,৪৭,৭৮৮ টি যানবাহনের ফিটনেস সার্টিফিকেট নবায়ন, ৫,৯২,৮২৭ টি ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও ২,৫৬,৮৪৩ টি ড্রাইভিং লাইসেন্স নবায়ন এবং ৭,৮৩,১২৮ টি যানবাহনে রেট্রোরিফ্লিকটিভ নাম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

মহাসড়ক অবকাঠামো নির্মাণের গুণগত মান বজায় রাখা ও প্রত্যাশিত স্থায়ীত্বকরণ এই বিভাগের জন্য একটি বড় চ্যালেঞ্জ। বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির কারণে দেশের মহাসড়কসমূহে এক্সেল লোড নিয়ন্ত্রণ করা সম্ভব না হওয়ায় মহাসড়কসমূহ অতি দ্রুত ক্ষতিগ্রস্ত হচ্ছে। ডিটিসিএ'র প্রয়োজনীয় সক্ষমতা এবং বিভিন্ন সংস্থার প্রত্যাশিত সহযোগিতার অভাবে ঢাকা ও পার্শ্ববর্তী এলাকার পরিবহন অবকাঠামোসমূহ নির্মাণের ক্ষেত্রে সমন্বয় আশানুরুপ হচ্ছে না। বিআরটিএ'র মোটরযান পরিদর্শন কেন্দ্রসমূহ (ভিআইসি) অকার্যকর থাকায় গাড়ীর ফিটনেস সার্টিফিকেট ইস্যু বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়া বিআরটিসি'র বহরে পর্যাপ্ত সংখ্যক যানবাহন বিশেষ করে ট্রাক না থাকায় প্রতিষ্ঠানটি বানিজ্যিকভাবে লাভজনক হচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল শ্রেণীর মহাসড়ক আগামী পাঁচ বছরের মধ্যে ৮৫ শতাংশ Good to Fair Condition-এ উন্নীতকরণ এবং জাতীয় মহাসড়কসমূহকে (স্লো-মুভিং ভেহিক্যালের জন্য আলাদা লেনসহ) পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীতকরণের পরিকল্পনা রয়েছে।মহাসড়কের দ্রুত ক্ষয় রোধে ১০ টি উৎসমুখে এক্সেল লোড নিয়ন্ত্রন কেন্দ্র স্থাপনের পরিকল্পনা রয়েছে। ঢাকা মহানগরীর যানজট নিরসনে MRT Line-6 প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের পাশাপাশি আন্ডারগ্রাউন্ড এন্ড এলিভেটেড সংমিশ্রনে MRT Line-1 ও MRT Line-5 এর ফিজিবিলিটি স্টাডি প্রক্রিয়াধীন রয়েছে। ডিটিসিএ'র সক্ষমতা বৃদ্ধির জন্য অফিস ভবন নির্মাণ ও জনবল কাঠামো চূড়ান্তকরনের কাজ চলমান রয়েছে। বিআরটিসির বাস বহরের জন্য ৩০০টি দ্বিতল ও ৩০০টি এসি/নন-এসি একতলা বাস এবং ৫০০টি ট্রাক সংগ্রহের পরিকল্পনা আছে। ২০২১ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার ৫০% এবং সড়ক দুর্ঘটনার হার ৩০% হ্রাস করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৩৫০ কিলোমিটার মহাসড়ক প্রশস্তকরণ, ৩২০ কিলোমিটার মহাসড়ক মজবুতিকরণ, ৮৫ কিলোমিটার পুনঃনির্মাণ ও ২,১০০ কিলোমিটার মহাসড়ক সার্ফেসিং এর মাধ্যমে মেরামত ও রক্ষণাবেক্ষণ;
- ৪,০০০ মিটার সেতু ও কালভার্ট নির্মাণ ও ১,২০০ মিটার সেতু ও কালভার্ট পুনঃনির্মাণ;
- ২.৬০ লক্ষ ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন, ৫.৮০ লক্ষ ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন এবং ২.৮০ লক্ষ ডিজিটাল রেজিঃ সার্টিফিকেট ইস্যু
- MRT প্রকল্পের ডিপো নির্মাণ ৩৫% এবং BRT প্রকল্পের বাস ডিপো নির্মাণ ৪০% সম্পন্নকরণ

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

# মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

টেকসই মহাসড়ক নেটওয়ার্ক ও নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

মহাসড়ক মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে টেকসই, নিরাপদ ও মানসম্মত মহাসড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. মহাসড়ক নেটওয়ার্কের রক্ষণাবেক্ষন, উন্নয়ন ও সম্প্রসারণ;
২. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণ;
৩. সড়ক নিরাপত্তা জোরদারকরণ;
৪. যানজট নিরসনে দ্রুতগতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ এবং
৫. আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে যাত্রী ও মালামাল পরিবহন সেবা সম্প্রসারণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. কর্ম পরিবেশ উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
২. জাতীয়, আঞ্চলিক ও জেলা মহাসড়কসমূহের উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম;
৩. অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম;
৪. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৫. নিরাপদ সড়ক নিশ্চিত করা;
৬. সমন্বিত দ্রুত গতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থার প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৭. অভ্যন্তরীণ ও আন্তর্জাতি রুটে যাত্রী পরিবহন ও পণ্য পরিবহন সেবা প্রদান এবং
৮. সড়ক পরিবহন সেক্টরে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপকে উৎসাহিত করা।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | | |
| জাতীয় মহাসড়কসমূহ "গুড টু ফেয়ার কন্ডিশান" এ রূপান্তর | "গুড টু ফেয়ার কন্ডিশানে" রূপান্তরিত মহাসড়ক | শতাংশ | ৭২ | ৭৮ | ৮১ | ৮৩ | ৮৫ | -- | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| সড়ক দূর্ঘটানা হ্রাস | হ্রাসকৃত সড়ক দূর্ঘটনা | সংখ্যা | ২১৪১ | ২৩৫০ | ২০১৩ | ১৯৪৮ | ১৮৮৪ | স্থানীয় সরকার বিভাগ<br>বাংলাদেশ পুলিশ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন ও সপ্তম রোড সেফটি এ্যাকশন প্ল্যান |
| জাতীয় মহাসড়কে ভ্রমণ সময় হ্রাস | ঢাকা চট্টগ্রাম মহাসড়কে ভ্রমণ সময় | ঘন্টা | ৮ | ৭ | ৫.৫ | ৫ | | বাংলাদেশ পুলিশ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | জয়দেবপুর-ময়মনসিংহ মহাসড়কে ভ্রমণ সময় | ঘন্টা | ৪ | ৩.৫০ | ৩ | ২.৫০ | | বাংলাদেশ পুলিশ | সড়ক পরিবহন ও মহসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] মহাসড়ক নেটওয়ার্কের রক্ষণাবেক্ষন, উন্নয়ন ও সম্প্রসারণ; | ৩৫ | [১.১] জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ | [১.১.১] ৪-লেনে উন্নীত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | ১২০ | ৯০.১৫ | ৫ | ৪ | ৩ | | | ১২ | ৬০ |
| | | [১.২] মহাসড়ক মজবুতিকরণ | [১.২.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | ১৪৭ | ৩৪৫.১৫ | ৩২০ | ৩১৫ | ৩১০ | ৩০৫ | ৩০০ | ৩৩০ | ৩৭০ |
| | | [১.৩] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৩.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | ২৭১ | ৪৭৭.৮১ | ৩৫০ | ৩৪৫ | ৩৪০ | ৩৩৫ | ৩৩০ | ৩৫০ | ৩৮০ |
| | | [১.৪] মহাসড়ক পুনঃ নির্মাণ | [১.৪.১] পুনঃনির্মিত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | | ৬৫.০০ | ৮৫ | ৮২ | ৮০ | ৭৮ | ৭৬ | ৯০ | ১০০ |
| | | [১.৫] সার্ফেসিং এর মাধ্যমে মহাসড়ক রক্ষণাবেক্ষণ | [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | ১৪৫০ | ৩৩৯৮.৬২ | ২১০০ | ২০৫০ | ২০০০ | ১৯৫০ | ১৯০০ | ২৩০০ | ২৫০০ |
| | | [১.৬] সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃ নির্মাণ | [১.৬.১] নির্মিত সেতু ও কালভার্ট | মিটার | ৫.০০ | ৬৪০০ | ৭০৯৮.৩৭ | ৪০০০ | ৩৯০০ | ৩৮০০ | ৩৭০০ | ৩৬০০ | ৬৫০০ | ৮০০০ |
| | | | [১.৬.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | মিটার | ৫.০০ | ৬৪০ | ১০৫২.৩২ | ১২০০ | ১১৫০ | ১১০০ | ১০৫০ | ১০০০ | ১০০০ | ১২০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণ; | ১৬ | [২.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশান সার্টিফিকেট ইস্যু | [২.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজিঃ সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১.৮০ | ৩.৮৪ | ২.৮০ | ২.৭৫ | ২.৭০ | ২.৬৫ | ২.৬০ | ২.৫০ | ২.৬০ |
| | | [২.২] যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [২.২.১] ইসু ও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ্য) | ৩.০০ | ৫.০৪ | ৫.৯০ | ৫.৮০ | ৫.৭৫ | ৫.৭০ | ৫.৬৫ | ৫.৬০ | ৬.০০ | ৬.১০ |
| | | [২.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন | [২.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স | সংখ্যা (লক্ষ্য) | ৩.০০ | ১.৪৭ | ১.৯৯ | ১.৮০ | ১.৭৫ | ১.৭০ | ১.৬৫ | ১.৬০ | ১.৯০ | ২.০০ |
| | | | [২.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ০.৬৭ | ০.৯৮ | ০.৮০ | ০.৭৫ | ০.৭০ | ০.৬৫ | ০.৬০ | ০.৯০ | ১.০০ |
| | | [২.৪] মোটরযান কর ও ফি আদায় | [২.৪.১] সংগৃহীত রাজস্ব | পরিমান (কোটি টাকা) | ২.০০ | ১০৬২ | ১৬১৫.৪৪ | ১৭৭১ | ১৭০০ | ১৫৫০ | ১৪৫০ | ১৩০০ | ১২০০ | ১২৫০ |
| | | [২.৫] যানবাহনে রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন | [২.৫.১] রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজিত যানবাহন | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ২.২১ | ৩.৪৫ | ২.৩৫ | ২.৩০ | ২.২৫ | ২.২০ | ২.১৫ | ২.৪০ | ২.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] সড়ক নিরাপত্তা জোরদারকরণ; | ১৫ | [৩.১] প্রশিক্ষণের মাধ্যমে পেশাদার চালকদের দক্ষতা উন্নয়ন | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার চালক | সংখ্যা | ৩.০০ | ১৮০০০ | ২৫০০০ | ২৫০০০ | ২৪৫০০ | ২৪০০০ | ২৩৫০০ | ২৩০০০ | ২৫০০০ | ২৫০০০ |
| | | [৩.২] প্রশিক্ষণের মাধ্যমে অপেশাদার চালক তৈরী | [৩.২.১] প্রশিক্ষণের মাধ্যমে তৈরীকৃত অপেশাদার চালক | সংখ্যা | ৩.০০ | ৬৬০০ | ৭১৮৮ | ৭০০০ | ৬৮০০ | ৬৬০০ | ৬৪০০ | ৬২০০ | ৭৫০০ | ৮০০০ |
| | | [৩.৩] বিধিবর্হিভূত কার্যক্রম নিয়ন্ত্রণ | [৩.৩.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা) | সংখ্যা | ২.০০ | ২৩২০৬ | ৪৬৩৪৫ | ২৫০০০ | ২৪৫০০ | ২৪০০০ | ২৩৫০০ | ২৩০০০ | ২৫০০০ | ২৭০০০ |
| | | [৩.৪] জনসচেতনতা সৃষ্টি | [৩.৪.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সংখ্যা | ২.০০ | ৫৫ | ৫৮ | ৬০ | ৫৮ | ৫৬ | ৫৪ | ৫২ | ৭৫ | ৮০ |
| | | | [৩.৪.২] বিতরণকৃত লিফলেট ও পোস্টার | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৬.৮২ | ৬.৮৭ | ৭.৫০ | ৭.২৫ | ৭.০০ | ৬.৭৫ | ৬.৫০ | ৮.০০ | ৮.৫০ |
| | | [৩.৫] দূর্ঘটনা হ্রাসে ব্লাকস্পটসমূহে প্রতিকারমূলক ব্যবস্থাগ্রহণ | [৩.৫.১] ঝুঁকি হ্রাসকৃত স্পট | সংখ্যা | ৩.০০ | ৮ | ৪০ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৮০ | ৮৫ |
| [৪] যানজট নিরসনে দ্রুতগতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ এবং | ১০ | [৪.১] ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | [৪.১.১] নির্মানকৃত মেট্রোরেল ডিপো | শতাংশ | ৫.০০ | | | ৩৫ | ৩৪ | ৩৩ | ৩২ | ৩১ | ৬৫ | |
| | | [৪.২] বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণ | [৪.২.১] নির্মাণকৃত বাস ডিপো | শতাংশ | ৩.০০ | | ২৫ | ৪০ | ৩৮ | ৩৫ | ৩২ | ৩০ | | |
| | | [৪.৩] ক্লিয়ারিং হাউজ স্থাপন | [৪.৩.১] প্রস্তুতকৃত র‍্যাপিড পাস | সংখ্যা | ২.০০ | | ৫০০০ | ৫০০০০ | ৪৮০০০ | ৪৬০০০ | ৪৪০০০ | ৪২০০০ | ৬০০০০ | ৮০০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৫] আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে যাত্রী ও মালামাল পরিবহন সেবা সম্প্রসারণ। | ৪ | [৫.১] বিবিআইএন মোটর ভেহিক্যাল এগ্রিমেন্ট এর আওতায় আন্তর্জাতিক রুট সমীক্ষা/ট্রায়াল রান | [৫.১.১] সমীক্ষা/ট্রায়াল রানকৃত আন্তর্জাতিক রুট | সংখ্যা | ২.০০ | | ৩ | ৩ | ২ | ১ | | | | |
| | | [৫.২] বিআরটিসি এর বাস বহরের মাধ্যমে যাত্রী পরিবহন | [৫.২.১] পরিবহনকৃত যাত্রী | সংখ্যা (লক্ষ) | ২.০০ | | ৩৬০ | ৩৭০ | ৩৬৫ | ৩৬০ | ৩৫৫ | ৩৫০ | ৩৮০ | ৩৯০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ০৪.০৮.২০১৬ |
| সচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | তারিখ |
| ............................................ | ০৪.০৮.২০১৬ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআরটিএ | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি |
| ২ | বিআরটিসি | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন |
| ৩ | ডিটিসিএ | ঢাকা ট্রান্সপোর্ট কো-অর্ডিনেশন অথরিটি |
| ৪ | এডিপি | অ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৫ | আরএফআইডি | রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন |
| ৬ | আরএসটিপি | রিভাইজড স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্লান |
| ৭ | বিআরটি | বাস র‍্যাপিড ট্রানজিট |
| ৮ | এমআরটি | ম্যাস র‍্যাপিড ট্রানজিট |
| ৯ | বিবিআইএন | বাংলাদেশ-ভুটান-ইন্ডিয়া-নেপাল |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ | [১.১.১] ৪-লেনে উন্নীত মহাসড়ক | বিদ্যমান ২-লেন বিশিষ্ট মহাসড়কের পেভমেন্ট এর গড় প্রশস্ততা ২০ ফুট এবং ৪-লেন বিশিষ্ট মহাসড়কের পেভমেন্ট এর গড় প্রশস্ততা ৪৮ ফুট (মিডিয়ান ব্যতীত) জাতীয় মহাসড়কসূহকে পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীত করা হচ্ছে | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিনে পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] মহাসড়ক মজবুতিকরণ | [১.২.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | সড়ক পেভমেন্ট এর উপরিভাগের এক বা একাধিক ক্ষতিগ্রস্ত ও দুর্বল স্তরকে (সার্ফেসিং ব্যতীত) নতুন করে নির্মাণ করা | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিনে পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৩.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্ট এর একদিকে বা উভয়দিকে নতুন ডিজাইন অনুযায়ী পেভমেন্ট নির্মাণ | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিনে পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] মহাসড়ক পুনঃ নির্মাণ | [১.৪.১] পুনঃনির্মিত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্ট সম্পূর্ণরূপে অপসারণ করে নতুন ডিজাইন (অধিক পুরুত্ব) অনুযায়ী পুন:নির্মাণ | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিনে পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] সার্ফেসিং এর মাধ্যমে মহাসড়ক রক্ষণাবেক্ষণ | [১.৫.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | পেভমেন্ট এর উর্ধ্বস্তরে বিটুমিনাস অংশ সংস্কার ও পুন:নির্মাণ (কার্পেটিং) করা | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিনে পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃ নির্মাণ | [১.৬.১] নির্মিত সেতু ও কালভার্ট | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ১৫০০ মিটার পর্যন্ত সেতু নির্মাণ করে থাকে। মহাসড়কে প্রয়োজন অনুযায়ী নতুন অ্যালাইনমেন্ট এ সেতু ও কালভার্ট নির্মাণ করা | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিনে পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [১.৬.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ১৫০০ মিটার পর্যন্ত সেতু নির্মাণ করে থাকে। ক্ষতিগ্রস্ত বিদ্যমান সেতু ও কালভার্ট অপসারণ করে পুনঃনির্মাণ করা | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিনে পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশান সার্টিফিকেট ইস্যু | [২.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজিঃ সার্টিফিকেট | ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড যার উভয় পার্শ্বে গাড়ী ও মালিকানা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, গাড়ীর মালিকের ছবি ও নিরাপত্তা ফিচার প্রিন্টেড থাকে | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ | সফটওয়ার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [২.২.১] ইসু ও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | মটরযান রাস্তায় চলাচলের উপযুক্ততার সার্টিফিকেট হিসেবে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। মটরযান পরিদর্শন সাপেক্ষে এই সার্টিফিকেট প্রতিবছর নবায়ন করা হয়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়ার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন | [২.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স | সড়ক, মহাসড়ক ও জনসাধারণের ব্যবহার্য স্থানে বৈধভাবে মটরযান চালানোর সনদ হিসেবে ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয় | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়ার অটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [২.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স | পেশাদার ড্রাইভিং লাইসেন্স ৫ (পাঁচ) বছর এবং অপেশাদার ড্রাইভিং লাইসেন্স ১০ (দশ) বছর পর পর নবায়ন করা হয় | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়ার আটোজেনারেটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৪] মোটরযান কর ও ফি আদায় | [২.৪.১] সংগৃহীত রাজস্ব | বিআরটিএ সাধারণত মোটরযান রেজিস্ট্রেশন ও মালিকানা হস্তান্তর বাবদ সড়ক কর, ড্রাইভিং লাইসেন্স ফি এবং অন্যান্য খাতে রাজস্ব আদার করে থাকে | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়ার অটোজেনাটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.৫] যানবাহনে রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন | [২.৫.১] রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজিত যানবাহন | আইএসও ৭৫৯১ মানের এ্যালুমিনিয়াম ব্যবহার করে এমবোজডকৃত ও সিকিউরিটি হলোগ্রাম রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত নম্বার প্লেট সংযোজন। আরআইএফআইডি ট্যাগ-অত্যাধুনিক প্রযুক্তির উইন্ডশিল্ড স্টিকার যার মাধ্যমে মোটরযানের রেজিস্ট্রেশন নম্বর চেসিস নম্বর ও গাড়ীর ধরন তাৎক্ষনিকভাবে সনাক্ত করা যায়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সফটওয়ার অটোজেনাটেড | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] প্রশিক্ষণের মাধ্যমে পেশাদার চালকদের দক্ষতা উন্নয়ন | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার চালক | পেশাগত দায়িত্ব ও কর্তব্য এবং সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | অংশগ্রহণকারীর সংখ্যার হিসাব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] প্রশিক্ষণের মাধ্যমে অপেশাদার চালক তৈরী | [৩.২.১] প্রশিক্ষণের মাধ্যমে তৈরীকৃত অপেশাদার চালক | অপেশাদার ড্রাইভারদের দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি প্রশিক্ষণ প্রদান | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | অংশগ্রহনকারীর সংখ্যার হিসাব | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] বিধিবর্হিভূত কার্যক্রম নিয়ন্ত্রণ | [৩.৩.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা) | সড়ক পরিবহন সম্পর্কিত অপরাধ নিয়ন্ত্রণের উদ্যেশে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | প্রতিবেদন পর্যালোচনা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] জনসচেতনতা সৃষ্টি | [৩.৪.১] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা ও সেমিনারের আয়োজন | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | প্রতিবেদন পর্যালোচনা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৪.২] বিতরণকৃত লিফলেট ও পোস্টার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও পোষ্টার বিতরণ | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | প্রতিবেদন পর্যালোচনা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] দূর্ঘটনা হ্রাসে ব্লাকস্পটসমূহে প্রতিকারমূলক ব্যবস্থাগ্রহণ | [৩.৫.১] ঝুঁকি হ্রাসকৃত স্পট | সড়ক নিরাপত্তা নিশ্চিতকরার লক্ষ্যে দুর্ঘটনাপ্রবণ স্থানে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ (ব্লাক স্পট অপসারণ) | সড়ক ও জনপথ অধিদপ্তর | সরজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.১] ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | [৪.১.১] নির্মানকৃত মেট্রোরেল ডিপো | এমআরটি প্রকল্পের কন্ট্রাক্ট প্যাকেজ-১ অধীনে মেট্রোরেল ডিপো নির্মাণ কাজের অগ্রগতি | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)/ঢাকা মাস র‍্যাপিড ট্রানজিট ডেভলপমেন্ট প্রজেক্ট | সরজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণ | [৪.২.১] নির্মাণকৃত বাস ডিপো | গাজীপুর হতে ঢাকা এয়ারপোর্ট পর্যন্ত বিআরটি প্রকল্পের অধীনে গাজীপুরে একটি বাস ডিপো নির্মাণ কাজের অগ্রগতি | সড়ক ও জনপথ অধিদপ্তর/ গ্রেটার ঢাকা সাসটেইনাবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (জিডিএসইউটিপি) | সরজমিন পরিমাপ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] ক্লিয়ারিং হাউজ স্থাপন | [৪.৩.১] প্রস্তুতকৃত র‍্যাপিড পাস | 'র‍্যাপিড পাস' ডেবিট কার্ড জাতীয় একটি ডিভাইস যা ব্যবহার করে বিভিন্ন যানবাহনে ভ্রমণ করা যাবে। এমনকি এ কার্ড দিয়ে কেনা কাটাও করা যাবে। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) | রেকর্ড পর্যালোচনা/ গননা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] বিবিআইএন মোটর ভেহিক্যাল এগ্রিমেন্ট এর আওতায় আন্তর্জাতিক রুট সমীক্ষা/ট্রায়াল রান | [৫.১.১] সমীক্ষা/ট্রায়াল রানকৃত আন্তর্জাতিক রুট | বিবিআইএন চুক্তির আওতায় যাত্রী ও মালামাল পরিবহনের লক্ষ্যে রুট সমীক্ষা/ রুট ট্রায়াল রান সম্পন্নকরন | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | প্রতিবেদন পর্যালোচনা | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] বিআরটিসি এর বাস বহরের মাধ্যমে যাত্রী পরিবহন | [৫.২.১] পরিবহনকৃত যাত্রী | বিআরটিসির বিদ্যমান গাড়ীবহরের মাধ্যমে মোট পরিবহনকৃত যাত্রী | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | রাজস্ব আদায় ও ভাড়ার হার অনুযায়ী | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|